



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিবিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৯

১৯ মার্চ ২০২৩

তারিখ: -----

০৫ তৈরি ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

Master Circular on Schedule of Charges

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-১১, তারিখ: ১০ জুন ২০২১ এবং ব্যক্তিক রিটেইল হিসাব প্রচলন প্রসঙ্গে
জারিকৃত পিএসডি সার্কুলার নং-০৯, তারিখ: ১৬ নভেম্বর ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার নং-১১/২০২১ এর মাধ্যমে ব্যাংক কর্তৃক আরোপিতব্য বিভিন্ন চার্জ/ফি/কমিশন ইত্যাদি বিষয়ে নির্দেশনা
প্রদান করা হয়। অন্যদিকে পিএসডি সার্কুলার নং-০৯/২০২০ এর মাধ্যমে ব্যাংক ও এজেন্ট ব্যাংকিং কর্তৃক চলতি হিসাবের
মাধ্যমে “ব্যক্তিক রিটেইল হিসাব” সুবিধা প্রদান সংক্রান্ত নির্দেশনা দেওয়া হয়।

৩। এক্ষণে, শ্রম নির্ভর অতিক্ষুদ্র/ভাসমান উদ্যোগ্তা, বিভিন্ন প্রাণ্তিক পেশায় নিয়োজিত সেবা প্রদানকারীগণ এবং সামাজিক
যোগাযোগ মাধ্যমে নিজস্ব তৈরি/ব্যক্তিগত উদ্যোগে পরিচালিত পণ্য বিক্রেতা ও সেবা প্রদানকারীগণ-কে ব্যাংকিং সেবার
মাধ্যমে ডিজিটাল পেমেন্ট ইকোসিস্টেমে আনয়ন করার নিমিত্ত ব্যক্তিক রিটেইল হিসাবসমূহকে বিশেষ সুবিধাপ্রাপ্ত হিসাব
হিসেবে বিবেচনা করত পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে:

- ক) ব্যক্তিক রিটেইল হিসাবসমূহ ন্যূনতম জমার বাধ্যবাধকতা হতে অব্যাহতিপ্রাপ্ত থাকবে;
খ) ব্যক্তিক রিটেইল হিসাবসমূহের বিপরীতে কোন প্রকার হিসাব রক্ষণাবেক্ষণ ফি আদায় করা যাবে না।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২